

Welland Gouldsmith School, Patuli

Class -VII

Subject - 2nd language Bengali

Session- 2020-2021

Answer Key

পদ্য:- 'বাসনা' - করুণানিধান বন্দ্যোপাধ্যায়

কবিতার নাম - 'বাসনা'

কবির নাম - করুণানিধান বন্দ্যোপাধ্যায়

১। পদ পরিবর্তন:-

- ক) সরলতা
- খ) বন্য
- গ) মেঠো
- ঘ) ধান্য
- ঙ) আলোকিত

২। বিপরীত শব্দ:-

- ক) জটিল
- খ) আলো
- গ) কাছে
- ঘ) আঁধার / অন্ধকার

৩। নিচের শব্দগুলির অর্থ লিখে বাক্যে প্রয়োগ:-

ক) পর্ণকুটির = কুঁড়েঘর
গ্রামের অনেক মানুষেরা পর্ণকুটিরে বাস করে।

খ) ফুঁড়ে = ভেদ করে।
বীজ থেকে চারা গাছ মাটি ফুঁড়ে বের হতে থাকে।

গ) দেয়া = মেঘ।
বর্ষাকালে বৃষ্টির সময় আকাশে দেয়ার গর্জন শোনা যায়।

ঘ) আঁধার = অন্ধকার

সূর্য অস্ত যাওয়ার পর গ্রামের চারিদিক আঁধার হয়ে যায়।

ঙ) আলিপথে = এক জমি থেকে তার পাশের আরেকটি জমিকে আলাদা করার জন্য যে বাঁধ দেওয়া হয় সেই পথ।

গ্রামের লোকেরা আলিপথে হাঁটাচলা করে।

চ) বাসনা - ইচ্ছা

প্রতিটি মানুষের মনে কিছু বাসনা থাকে।

ছ) মুম্বলধারা - অনবরত জোরে বৃষ্টি
বর্ষাকালে আকাশ থেকে মুম্বলধারায় বৃষ্টি পড়ে।

৪।

ক) 'বাসনা' কবিতাটির রচয়িতা করুণানিধান বন্দ্যোপাধ্যায়।

খ) কবি ছুটবেন আলিপথে।

গ) কান জুডাবে পাখির গানে।

ঘ) চাতক পাখি ডাকবে ফটিক জল।

৫।

ক) মাঝ গঙ্গায় ফেলব জাল।

খ) কড় কড় কড় ডাকলে দেয়া রুয়ে আসব আমন।

গ) কয়লা গুলো রাঙিয়ে টানব জাঁতার দড়ি।

ঘ) পিটব লোহা নেহাই দিয়ে।

ঙ) বসব গিয়ে রৌদ্র এলে কামারশালে।

৬। অতি-সংক্ষিপ্ত উত্তর:

ক) কবি মাঠের হাওয়ায় আলিপথে ছুটে যাবেন।

খ) উদাস আদুল গায়ে কবি মাঝ গঙ্গায় জাল ফেলবেন।

গ) গাঙচিলেরা ঝাঁকে ঝাঁকে ভাঙা পাড়ের বাঁকে উড়বে।

ঘ) শিল কুড়িয়ে কবি মোয়া বাঁধবেন।

ঙ) আকাশভাঙা মুম্বলধারা বাঁশের ঝাড়ে তোলপাড় তোলে।

চ) শুকতারা আকাশের পশ্চিম দিকে দেখা যায়।

৭। সংক্ষিপ্ত উত্তর :

ক) কবি করুণানিধান বন্দ্যোপাধ্যায় 'বাসনা' কবিতায় গ্রাম বাংলার প্রকৃতি ও সেখানকার সহজ সরল মানুষগুলির নিত্যকর্মের বর্ণনা দিয়েছেন। গ্রাম্য মানুষগুলি যেমন তাদের পর্ণকুটির থেকে ধানের মাঠের আলিপথ দিয়ে ছুটে যায় কবিও তেমনি সেই গ্রাম্য মানুষগুলির সঙ্গে তাদের পর্ণকুটির থেকে ধানের মাঠের আলিপথ দিয়ে ছুটে যেতে চান।

খ) কবি বলেছেন শুকতারাটি বনের মাথায় আঁধার ফুঁড়ে পশ্চিম আকাশে উঠবে এবং পাখির মিষ্টি মধুর গানে কবির কান জুড়াবে।

গ) গাঙচিলেরা ভাঙা পাড়ের বাঁকে বাঁকে উড়ে যাবে এবং মেঘের ছায়ায় ছায়ায় চাতক পাখি 'ফটিক জল' বলে ডেকে বেড়াবে।

ঘ) কবি বলেছেন বর্ষার আগমনে যখন মেঘ ডাকবে তখন লাঙল দিয়ে জমি চাষ করে তাতে আমন ধান কবি রোপণ করবেন।

ঙ) কবি বলেছেন যখন রোদ উঠবে তখন কামারশালায় গিয়ে কবি বসবেন এবং কয়লায় আগুন জ্বালিয়ে জাঁতার দড়ি টানবেন।
